

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
বাজেট অধিশাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০১.১৯.৪৭১

তারিখ: ৯ পৌষ ১৪২৭

২৪ ডিসেম্বর ২০২০

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের MIS এ তথ্য এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, বাংলাদেশের সকল বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত একটি Management Information System (MIS) তথ্যভান্ডার প্রস্তুত করা হচ্ছে। ইতোমধ্যে অধিকাংশ বীর মুক্তিযোদ্ধার নাম MIS এ অন্তর্ভুক্ত করা হয়েছে। যারা MIS এ অন্তর্ভুক্ত হননি, তাঁদেরও MIS এ অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে। উক্ত MIS এর তথ্যের ভিত্তিতে পরবর্তীতে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা, পরিচিতি নম্বর, ডিজিটাল সনদ, স্মার্ট আইডি কার্ড প্রদানসহ বিভিন্ন কল্যাণমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। ফলে বীর মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃত প্রমাণকসমূহ উল্লিখিত MIS এ এন্ট্রি প্রদান নিশ্চিত করা প্রয়োজন। সকল বীর মুক্তিযোদ্ধাদের তথ্যও সেখানে এন্ট্রি প্রদান করতে হবে। উক্ত MIS টি মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ আপলোড করা হয়েছে, যা সকলের জন্য উন্মুক্ত। উল্লিখিত MIS থেকে এন্ট্রিকৃত যে কোন বীর মুক্তিযোদ্ধার তথ্য দেখা যাবে।

২। এন্ট্রি প্রদানযোগ্য প্রমাণকের তালিকা: মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত নিম্নবর্ণিত ৩৩ (তেত্রিশ) টি প্রমাণকের যে কোন একটিতে নাম থাকলে উক্ত MIS এ এন্ট্রি প্রদান করা যাবে। বীর মুক্তিযোদ্ধার একাধিক প্রমাণকে নাম থাকলে সকল প্রমাণকের তথ্য তাঁর নামের বিপরীতে এন্ট্রি প্রদান করতে হবে। প্রমাণকসমূহের তালিকা নিম্নরূপ:

(ক) মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি ও মন্ত্রীবর্গের তালিকা ও মুজিবনগর কর্মচারি তালিকা।

(খ) ভারতীয় তালিকা: (১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা, (২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা), (৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা), (৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর) এবং (৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী)।

(গ) লাল মুক্তিবর্তা: (১) লাল মুক্তিবর্তা স্মরণীয় যারা বরণীয় যারা এবং (২) লাল মুক্তিবর্তা (চূড়ান্ত লাল বই)।


(ঘ) খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা।

(ঙ) বাহিনী গেজেট: (১) সশস্ত্র বাহিনীর শহিদ মুক্তিযোদ্ধাদের তালিকা (সেনা, নৌ ও বিমান); (২) শহিদ বিজিবি মুক্তিযোদ্ধাদের তালিকা; (৩) শহিদ পুলিশ বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা; (৪) যুদ্ধাহত সেনা মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা, (৫) যুদ্ধাহত পশু মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা (বর্ডার গার্ড বাংলাদেশ), (৬) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা (বর্ডার গার্ড বাংলাদেশ), (৭) সেনা মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা, (৮) বিমানবাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা, (৯) বাংলাদেশ নৌ-বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা, (১০) নৌ-কমান্ডোদের তালিকা, (১১) বাংলাদেশ রাইফেলস (বর্তমান বিজিবি) এর মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা, (১২) পুলিশ বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা এবং (১৩) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা।

(চ) অন্যান্য গেজেট: (১) শহিদ মুক্তিযোদ্ধাদের (বেসামরিক) নামের তালিকা; (২) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের তালিকা, (৩) বেসামরিক গেজেট, (৪) প্রবাসে বিশ্ব জনমত গেজেট, (৫) ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কর্মকর্তাদের তালিকা, (৬) বিসিএস গেজেট, (৭) শব্দ সৈনিক-স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পি ও কলাকুশলীদের তালিকা, (৮) মুক্তিযোদ্ধাদের (বীরাজনা) তালিকা, (৯) স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়বৃন্দের নামের তালিকা, (১০) ন্যাপ-কমিউনিষ্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনী ও মুক্তিযোদ্ধাদের তালিকা, (১১) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্বপালনকারী মুক্তিযোদ্ধা গেজেট।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা হিসেবে সম্মানি ভাতা গ্রহণ না করলেও উপর্যুক্ত তালিকা/গেজেটে নাম থাকলে তাঁর সমুদয় তথ্য MIS এ এন্ট্রি প্রদান করতে হবে। আরো উল্লেখ্য, MIS এ যাদের শুধু বেসামরিক গেজেট রয়েছে (অর্থাৎ বেসামরিক গেজেট ব্যতীত অন্য কোন প্রমাণকের তথ্য নেই) মর্মে এন্ট্রি প্রদান করা হয়েছে, তাঁদেরকে বীর মুক্তিযোদ্ধা হিসেবে যাচাই-বাছাই এর তালিকায় অন্তর্ভুক্ত করে খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে।

৩। এ প্রেক্ষিতে, উপরোক্ত বর্ণনার আলোকে বীর মুক্তিযোদ্ধাদের MIS হালনাগাদকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৪-১২-২০২০

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০১.১৯.৪৭১/১(১১)

তারিখ: ৯ পৌষ ১৪২৭

২৪ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৪-১২-২০২০

মোঃ মতিয়ার রহমান

উপসচিব